দৈনিক ইত্তেফাক

তারিখ 15 JAN 1989
পৃষ্ঠা 7 কলাম 5

11

# ঝড়ে বিধ্বস্ত ৬টি শিক্ষাপ্রতিষ্ঠান মেরামত না করায়

ভাণ্ডারিয়া (পিরোজপুর) সংবাদদাতা জানান, সাম্প্রতিক ঝড়ে বিধ্বস্ত ভাণ্ডারিয়া ও রাজাপুর উপজেলার কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান মেরামতের ব্যবস্থা না হওয়ায় ঐ সকল শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। ঝড়ে বিধ্বস্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলি হইতেছে ভাণ্ডারিয়া সরকারী কলেজ, রাজপাশা দারুল শরীয়ত দাখিল মাদ্রাসা, গৌরিপুর লেহাজউদ্দিন দাখিল মাদ্রাসা, সিংহখালী মানিক মিয়া হাইস্কুল, নদমূলা সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং রাজাপুর উপজেলার কানুদাসকাঠি হাইস্কুল। ইহাছাড়া ভাণ্ডারিয়া উপজেলা সাব-রেজিষ্ট্রি অফিসের টিনের ছাউনি ঝড়ে উড়াইয়া লইয়া যাওয়ায় বর্তমানে খোলা আকাশের নীচে অফিসের কাজ চলিতেছে।